দৈনিক ইত্তেফাক

52

তারিখ ... JUL 8 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার আহ্বান

বাংলাদেশ মুসলিম লীগের সভাপতি আলহাজ্ব এস,এম আমজাদ হোসেন ও মহাসচিব আলহাজ্ব মোহাম্মদ জমীর আলী গত সোমবার এক যুক্ত বিবৃতিতে দেশের শত মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এম,পি,ও. ভুক্তি বাতিল ও সরকারী বেতন ভাতা বন্ধের সিদ্ধান্তে গভীর উদ্বেগ প্রকাশ করিয়াছেন। নেতৃদ্বয় বলেন, ধর্মীয় শিক্ষার সংকোচন নীতি জাতির জন্য কল্যাণ বহিয়া আনিতে পারে না। বিশেষ করিয়া শতকরা নব্বই জন মুসলমানের দেশে মাদ্রাসা শিক্ষা বন্ধের যে কোন প্রয়াস সমাজকে ধর্মীয় কুসংস্কারে জড়াইয়া ফেলিবে। তাহারা মাদ্রাসা শিক্ষাকে যোগোপযোগী করার জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন।